

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০০৯

اكتاب الجنائز عن رسول الله الله الله المعامر المعامر المعائز عن رسول الله المعامر الم

পরিচ্ছেদঃ জানাযা-এর সামনে চলা।

باب مَا جَاءَ فِي الْمَشْيِ أَمَامَ الْجَنَازَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاق، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيّ، قَالَ كَانَ النَّبيُّ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرِ وَعُمَرُ يَمْشُونَ أَمَامَ الْجَنَازَةِ . قَالَ الزُّهْرِيُّ وَأَخْبَرَنِي سَالِمٌ أَنَّ أَبَاهُ كَانَ يَمْشِي أَمَامَ الْجَنَازَةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَسِ . قَالَ أَبُو عِيسَي حَدِيثُ ابْنِ عُمَرَ هَكَذَا رَوَاهُ ابْنُ جُرَيْج وَزِيَادُ بْنُ سَعْدٍ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الزُّهْرِيّ عَنْ سَالِم عَنْ أَبِيهِ نَحْوَ حَديث ابْن عُيَيْنَةَ . وَرَوَى مَعْمَرٌ وَيُونُسُ بْنُ يَزِيدَ وَمَالِكٌ وَغَيْرُ وَاحِدٍ مِنَ الْحُفَّاظِ عَن الزُّهْرِيِّ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَمْشِي أَمَامَ الْجَنَازَةِ . قَالَ الزُّهْرِيُّ وَأَخْبَرَنِي سَالِمٌ أَنَّ أَبَاهُ كَانَ يَمْشِي أَمَامَ الْجَنَازَةِ . وَأَهْلُ الْحَديث كُلُّهُمْ يَرَوْنَ أَنَّ الْحَديثَ الْمُرْسَلَ فِي ذَلِكَ أَصنَحُ . قَالَ أَبُو عِيسَى سَمِعْتُ يَحْيَى بْنَ مُوسَى يَقُولُ قَالَ عَبْدُ الرَّزَّاقِ قَالَ ابْنُ الْمُبَارَك حَديثُ الزُّهْرِيِّ فِي هَذَا مُرْسَلٌ أَصِبَحُّ مِنْ حَديث ابْن عُيَيْنَةَ. قَالَ ابْنُ الْمُبَارَكِ وَأَرَى ابْنَ جُرَيْجِ أَخَذَهُ عَنِ ابْنِ عُيَيْنَةَ . قَالَ أَبُو عِيسَى وَرَوَى هَمَّامُ بْنُ يَحْيَى هَذَا الْحَديثَ عَنْ زِيَادٍ وَهُوَ ابْنُ سَعْدِ وَمَنْصُورِ وَبَكْرِ وَسُفْيَانَ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِم عَنْ أَبِيهِ . وَإِنَّمَا هُوَ سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ رَوَى عَنْهُ هَمَّامٌ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْم فِي الْمَشْي أَمَامَ الْجَنَازَةِ فَرَأَى بَعْضُ أَهْلِ الْعِلْم مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْمَشْيَ أَمَامَهَا أَفْضَلُ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ . قَالَ وَحَدِيثُ أَنسٍ فِي هَذَا الْبَابِ غَيْرُ مَحْفُوظٍ.

বাংলা

১০০৯. আবদ ইবনু হুমায়দ (রহঃ) যুহরী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন নবী সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম আবূ বকর ও উমার (রাঃ) জানাযার আগে আগে চলতেন। যুহরী বলেনঃ আমাকে সালিম (রহঃ) বলেছেন যে, তাঁর পিতা ইবনু উমার জানাযার আগে আগে চলতেন। - ইবনু মাজাহ, তিরমিজী হাদিস নম্বরঃ ১০০৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রাঃ) বলেন, ইবনু উমার (রাঃ) এর হাদিসটি এইরপভাবে ইবনু জুরায়জ, যিয়াজ ইবনু সা'দ প্রমুখ যুহরী সালেম তাঁর পিতা ইবনু উমার (রাঃ) সূত্রে ইবনু উয়ায়না (রহঃ) এর বর্ণনার (১০০৮ নং) অনুরূপ বর্ণনা করেছেন। মা'মার ইউনুস ইবনু ইয়াযীদ ও মালিক প্রমুখ হাফিজুল হাদিস রাবী যুহরী (রহঃ) থেকে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার আগে আগে চলতেন। সালিম (রহঃ) বর্ণনা করেন যে, তাঁর পিতা ইবনু উমার (রাঃ) জানায়ার আগে আগে চলতেন। হাদিস বিশারদগণ সকলেই এই বিষয়ে (যুহরী থেকে বর্ণিত) মুরসাল হাদিসটিকে অধিকতর সাহীহ্ বলে মনে করেন।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইয়াহইয়া ইবনু মূসা বলেছেন, আব্দুর রাযযাককে বলতে শুনেছি যে, ইবনু মুবারক (রহঃ) বলেছেন, এই বিষয়ে যুহরীর মুরসাল রিওয়ায়াতটি ইবনু উয়ায়নার হাদিসটি থেকে অধিকতর সাহীহ্। ইবনু মুবারক আরো বলেন, আমার মনে হয় ইবনু জুরায়য- এটিকে ইবনু উয়ায়না থেকে গ্রহণ করেছেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাম্মাম ইবনু ইয়াহইয়া (রহঃ) হাদিসটি যিয়াদ-ইবনু সা'দ, মানসুর, বাকর ও সুফইয়ান-যুহরী-সালিম-তাঁর পিতা ইবনু উমার (রাঃ) সনদে বর্ণনা করেছেন। হাম্মাম (রহঃ) যে সুফইয়ান থেকে রিওয়ায়াত করেছেন। তিনি হলেন সুফইয়ান ইবনু উয়ায়না (রাঃ)। জানাযার আগে আগে চলা সম্পর্কে আলিমদের মতবিরোধ রয়েছে। কোন কোন সাহাবী ও অপরাপর আলিম জানায়ার আগে আগে চলা আফযাল বলে মনে করেন। এ হলো ইমাম শাফিঈ ও আহমাদ (রহঃ)-এর অভিমত।

English

Az-Zuhri said:

"The Prophet, Abu Bakr, and Umar would walk in front of the funeral." Az-Zuhri said: "Salim informed me that his father would walk in front of the funeral."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন